# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৮৮

১৬/ শপথ ও মানতের বিবরণ (كتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ ২৯২. আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করার জন্য শপথ করলে।

باب الْيَمِينِ فِي قَطِيعَةِ الرَّحِمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّثَنَا حَبِيبٌ الْمُعَلِّمُ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، : أَنَّ أَخَوَيْنِ، مِنَ الأَنْصَارِ كَانَ بَيْنَهُمَا مِيرَاثٌ فَسَأَلَ أَحَدُهُمَا صَاحِبَهُ الْقِسْمَةَ فَقَالَ : إِنْ عُدْتَ تَسْأَلُنِي عَنِ الْقِسْمَةِ فَكُلُّ مَالٍ لِي فِي رِتَاجِ الْكَعْبَةِ . فَقَالَ لَهُ عُمَرُ : إِنَّ الْكَعْبَةَ غَنِيَّةٌ عَنْ مَالِكَ، كَفِّرْ عَنْ يَمِينِكَ وَكَلِّمْ أَخَاكَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ : " لاَ يَمِينَ عَلَيْكَ، وَلاَ نَذْرَ فِي مَعْصِيَةِ الرَّبِّ وَفِي قَطِيعَةِ الرَّحِمِ وَفِيمَا لاَ تَمْلِكُ " .

বাংলা

৩২৮৮. মুহাম্মদ ইবন মিনহাল (রহঃ) ..... সাঈদ ইবন মুসায়্যাব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আনসারদের দু’ভাইয়ের মাঝে একটি (যৌথ) মীরাছ ছিল। তখন তাদের একজন অপরজনকে তা বণ্টন করে দেওয়ার জন্য বলে। তখন সে বলেঃ যদি তুমি দ্বিতীয়বার তা বণ্টনের জন্য অনুরোধ কর, তবে আমার সমস্ত মাল কা’বার জন্য ওয়াকফ হবে। তখন উমার (রাঃ) তাকে বলেনঃ কা’বা তো তোমার মালের অমুখাপেক্ষী। কাজেই তুমি তোমার কসমের কাফফারা আদায় কর এবং তোমার ভাইয়ের সংগে কথাবার্তা বল। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ তোমার জন্য এরূপ কসম খাওয়া ও মানত করা উচিত নয়, যাতে রব্বের নাফরমানী হয়, আত্মীয়তার সম্পর্ক ছিন্ন হয় এবং যার মালিক তুমি নও।

## English

Sa'id ibn al-Musayyab said:
There were two brothers among the Ansar who shared an inheritance. When one of them asked the other for the portion due to him, he replied: If you ask me again for the portion due to you, all my property will be devoted to the decoration of the Ka'bah.

Umar said to him: The Ka'bah does not need your property. Make atonement for your oath and speak to your brother. I heard the Messenger of Allah (ﷺ) say: An oath or vow to disobey the Lord, or to break ties of relationship or about something over which one has no control is not binding on you.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন